

তুমি সন্ধ্যার মেঘমালা, তুমি আমার সাধের সাধনা,  
 মম শূন্যগগনবিহারী ।  
 আমি আপন মনের মাধুরী মিশায়ে তোমারে করেছি রচনা—  
 তুমি আমারি, তুমি আমারি,  
 মম অসীমগগনবিহারী ॥  
 মম হৃদয়রক্তরাগে তব চরণ দিয়েছি রাঙিয়া,  
 অয়ি সন্ধ্যাস্বপনবিহারী ।  
 তব অধর এঁকেছি সুধাবিষে মিশে মম সুখদুখ ভাঙিয়া—  
 তুমি আমারি, তুমি আমারি,  
 মম বিজনজীবনবিহারী ॥  
 মম মোহের স্বপন-অঞ্জন তব নয়নে দিয়েছি পরায়ে,  
 অয়ি মুগ্ধনয়নবিহারী  
 মম সঙ্গীত তব অঙ্গে অঙ্গে দিয়েছি জড়ায়ে জড়ায়ে—  
 তুমি আমারি, তুমি আমারি,  
 মম জীবনমরণবিহারী ॥

---

Parjaay: Prem, Taal: Ektaal, Raag: Iman Kalyan  
 Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail